‘ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নং- ৫৯.১১.০০০০.১৫৫.২৩.০০২.২০- ২৮২৬

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮ / ০১ আগস্ট ২০২১

বিষয় : ১৫ আগস্ট ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২১’ পালন উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।

সূত্র : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৬.০৭.২০২১ তারিখের ৫৯.০০.০০০০.১০৫.২৩.০০১.২০-৬৫ সংখ্যক স্মারকে প্রেরিত কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২১’ পালন উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এমপি মহোদয়ের সভাপতিত্বে ১৯.০৭.২০২১ তারিখ বেলা ১১.০০টায় ভাচুয়াল প্লাটফর্ম (জুম ক্লাউড)-এ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৬.০৭.২০২১ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত উপ-কমিটিসমূহকে যথাসময়ে বাস্তবায়ন/বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, গৃহীত/গৃহীতব্য পরিকল্পনা বাস্তবায়ন কমিটিকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তি : সভার কার্যবিবরণী...৪...(চার)...(পাতা)।

(মোঃ হেমায়েৎ হুসেন)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও
পরিচালক (প্রশাসন)
ফোন : ৫৫০১২৩৪২
ইমেইল : diradmin@dgfp.gov.bd

বিতরণ :

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), ..................................................ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ...........................................বিভাগ।
৩. পরিচালক, এমএফএসটিসি/এমসিএইচটিআই, মোহাম্মদপুর/লালকুঠি/আজিমপুর, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), মহাখালী, কেন্দ্রীয় পণ্যাগার, ঢাকা।
৫. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ........................................জেলা।
৬. অধ্যক্ষ, এফডব্লিওভিটিআই, আজিমপুর, ঢাকা।
৭. আহবায়ক/সদস্য সচিব, ........................................................উপ-কমিটি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৮. প্রোগ্রাম ম্যানেজার (এমআইএস), এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে)

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. জনাব মোহাম্মদ মফিজুল ইসলাম, উপসচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-২ শাখা

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬-তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২১' পালনের জন্য কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাহিদ মালেক এমপি
মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
তারিখ : ১৯-০৭-২০২১
সময় : বেলা ১১.০০ টা
স্থান : ভার্চুয়াল প্লাটফর্ম (জুম ক্লাউড)
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক (জুমের পারটিসিপেন্ট লিস্টের স্ক্রীনশট)

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টে শাহাদত বরণকারী তাঁর পরিবারের সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি জানান যে, ১৫ আগস্ট শোকের মাস। তিনি বলেন, গত বছর কোভিড-১৯ এর কারণে মুক্তমনে বিস্তারিত পরিসরে দিবসটি পালন করা সম্ভব হয়নি। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী দিবস পালন করা হয়েছিল। এ বছরও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস ২০২১ পালন করতে হবে। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ জানান যে, জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে এ বিভাগের কর্মসূচিসমূহ চূড়ান্তকরণের লক্ষ্যে আজকের এ সভা আহবান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ মফিজুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

০২। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচির আলোকে এ বিভাগের গৃহীত কর্মসূচিসমূহ নিম্নরূপ:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার এ বিভাগের আওতাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল), মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল), অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট (সকল), অধ্যক্ষ, ম্যাটস্‌ও আইএইচটি (সকল) |
| ০২. | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা স্ব-স্ব প্রতিষ্ঠানে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে পুষ্পস্তবক অর্পন ও মোনাজাত। | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল), মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল), অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট (সকল), অধ্যক্ষ, ম্যাটস্‌ও আইএইচটি (সকল) |
| ০৩. | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রতিনিধির অংশগ্রহণ। | অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ/উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/অধ্যক্ষ, গোপালগঞ্জ নার্সিং কলেজ, গোপালগঞ্জ |

ডায়েরী নং: ২৮০ তারিখ: ০১/০৮/২০২১
উপ-পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (পার-১ / পার-২/ মনিটরিং/কাম্প সার্ভিস/পরিবহন/সমন্বয়)/ভারপ্রাপ্ত কর্মকর্তা(পেনশন)/ ডি.পি.এম.(এইচ.আর.এম) / কল্যাণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/ অফিস সুপারঃ-১/অফিস সুপারঃ-২/ব্যক্তিগত সহকারী।
পরিচালক (প্রশাসন)
পঃ পঃ অধিদপ্তর, ঢাকা।

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ০৪. | ক) জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ।<br>খ) স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি এলইডি বোর্ডে প্রদর্শন।<br>গ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক জাতীয় শোক দিবসের উপর টিভি চ্যানেলে টক-শো আয়োজন।<br>ঘ) জাতীয় শোক দিবসের পোস্টার মুদ্রণ ও বিতরণ<br>ঙ) বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন।<br>চ) গৃহীত কর্মসূচি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার।<br>ছ) ইউনিয়ন/ওয়ার্ড পর্যায় পর্যন্ত সকল স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ স্থাপনায় সামাজিক দুরুত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন এবং ব্যানার স্থাপন। | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল),<br>মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল),<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট (সকল), অধ্যক্ষ, ম্যাটস্‌ও আইএইচটি (সকল) |
| ০৫. | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে মেডিকেল বিশ্ববিদ্যালয়, সরকারি বেসরকারি মেডিকেল কলেজ, নার্সিং কলেজ/ইন্সটিটিউট, ম্যাটস ও আইএইচটিসমূহে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন। | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল),<br>মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল),<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট (সকল), অধ্যক্ষ, ম্যাটস্‌ও আইএইচটি (সকল) |
| ০৬. | সকল দপ্তর/সংস্থায় ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আলোচনা সভা, কোরআন তেলাওয়াত ও দোয়া মাহফিলের আয়োজন। প্রযোজ্য ক্ষেত্রে এতিমখানায় কোরআনখানির আয়োজন ও তবারক বিতরণের ব্যবস্থা গ্রহণ।<br><br>এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য সামাজিক দুরুত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে উক্ত অনুষ্ঠানসমূহের আয়োজন করবে। সকল অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, মুক্তিযোদ্ধা ও গণমাধ্যমকর্মীদেরকে সম্পৃক্ত করতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে ডাক্তার, নার্সসহ সরকারি কর্মকর্তাগণের সামাজিক দুরুত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি/ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্তি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল),<br>মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল),<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট (সকল), অধ্যক্ষ, ম্যাটস্‌ও আইএইচটি (সকল) |
| ০৭. | সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ স্থাপনায় রোগীদের জন্য উন্নতমানের খাবার পরিবেশন এবং আউটডোরে বিশেষ চিকিৎসার ব্যবস্থা রাখা। | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/ মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল) |
| ০৮. | বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে রক্তদান কর্মসূচি পালন ও আউটডোরে সকল সেবা এবং প্যাথলজিক্যাল পরীক্ষা বিনামূল্যে প্রদান। | উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় |
| ০৯. | বিভাগ, জেলা ও উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের জনবহুল দৃশ্যমান স্থানে ব্যানার স্থাপন ও পোস্টারের ব্যবস্থা রাখা | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল),<br>মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল),<br>অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১০. | মন্ত্রী, সচিব এবং মহাপরিচালকগণের উপস্থিতিতে কোন খোলামেলা জায়গায় মুক্ত পরিসরে আলোচনা সভা আয়োজন করা | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নিপোর্ট, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১১. | কেন্দ্রীয় পর্যায় থেকে মাঠ পর্যায়ের সর্বনিম্ন লেভেলের স্ব-স্ব প্রতিষ্ঠানে ও জনবহুল দৃশ্যমান স্থানে নির্ধারিত ডিজাইনের পোস্টার ও ব্যানার অবশ্যই লাগাতে হবে। (প্রতিষ্ঠানের আকার অনুযায়ী প্রয়োজনে বেশি সংখ্যক) | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল), মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল), অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট (সকল), অধ্যক্ষ, ম্যাটস্‌ও আইএইচটি (সকল) |
| ১২. | জাতীয় কমিটি প্রদত্ত ডিজাইন অনুসরণ করে ০১ আগস্টের মধ্যে ব্যানার লাগিয়ে ফেলতে হবে। | উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল), মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ (সকল), অধ্যক্ষ, সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ ও ইন্সটিটিউট (সকল), অধ্যক্ষ, ম্যাটস্‌ও আইএইচটি (সকল) |

০৩। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আয়োজিত শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান, আলোচনা সভা, মিলাদ মাহফিলসহ সকল অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক স্বাস্থ্যবিধি পালন সম্পর্কিত গাইডলাইন/নির্দেশিকা অনুসরণ করতে হবে।

০৪। গৃহীত কর্মসূচি বাস্তবায়ন মনিটরিং এর জন্য সভায় নিম্নোক্ত কমিটি গঠনের প্রস্তাব করা হয়:

| | | |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ শাহ্ আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | আহবায়ক |
| ০২ | জনাব কাজী আনোয়ার হোসেন<br>যুগ্মসচিব (প্রশাসন) | সদস্য |
| ০৩ | বিএসএমএমইউ এর প্রতিনিধি | সদস্য |
| ০৪ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ০৫ | নিপোর্ট এর প্রতিনিধি | সদস্য |
| ০৬ | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ০৭ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ০৮ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ০৯ | জনাব মোহাম্মদ মফিজুল ইসলাম<br>উপসচিব (প্রশাসন-২) | সদস্য-সচিব |

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাহিদ মালেক এমপি)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৫৯.০০.০০০০.১০৫.২৩.০০১.২০. ৮৫

তারিখ: ১১ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪) উপাচার্য.................মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
৫) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬) মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা
৭) মহাপরিচালক , নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
৮) মহাপরিচালক , স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
(৭–৮: তাঁর অধীনস্থ সকল সরকারি-বেসরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে কপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
৯) অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১০) যুগ্ম সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১১) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১২) উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২৬/০৭/২১

(মোহাম্মদ মফিজুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৪ ০৯২২
E-mail: admin2@mefwd.gov.bd